# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক**

**সৈয়দপুর শাখা, সৈয়দপুর, নীলফামারী।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত) ২০১০ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক।**

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, সৈয়দপুর শাখা, সৈয়দপুর,** নীলফামারী এর খেলাপী ঋণ গ্রহীতা **"মেসার্স মিশুক ট্রেডার্স"** ফুড অফিস রোড, নীলফামারী পৌরসভা, নীলফামারী এর স্বত্বাধিকারী- সৈয়দ রকিব হাসান মিশুক, জাতীয় পরিচয়পত্র নং- ৩৭২২৫১৫২২২, জন্ম তারিখঃ ১০/০১/১৯৭৯ ইং, পিতা- মৃত সৈয়দ নেছার আলী শাহ কবির, মাতা- মোছাঃ রাবেয়া খাতুন, ঠিকানাঃ ফুড অফিস রোড, নীলফামারী পৌরসভা, নীলফামারী। ঋণ গ্রহীতার নিকট ১৫/১০/২০২৩ ইং তারিখে ব্যাংকের পাওনা **টাকা ২৯,১২,৭৬,২০৭.৫০ (উনত্রিশ কোটি বার লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত সাত টাকা পঞ্চাশ পয়সা)** আদায়কালতক সুদসহ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত অবকাঠামো কর্তৃক শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**-শর্তসমূহ-**

০১) প্রত্যেক দরপত্র দাতাকে তার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রস্তাবিত মূল্য অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

০২) দরপত্র নির্ধারিত জামানতসহ **২৩/১১/২০২৩ইং** তারিখ ০২.০০ ঘটিকার মধ্যে **বেসিক ব্যাংক লিমিটেড, সৈয়দপুর শাখা, সৈয়দপুর,** নীলফামারীতে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিলী সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহ্বান করা হবে।

৩) আগ্রহী দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে **বেসিক ব্যাংক লিমিটেড, সৈয়দপুর শাখা,** এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে:
(ক) উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০%;
(খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫%; এবং
(গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০%।

০৪) অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

০৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করতে পারবে।

০৬) দরপত্র গৃহীত না হলে যৌক্তিক সময় পর লিখিত আবেদনের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে।

০৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/ অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮) নিম্নবর্ণিত এক বা একাধিক তফসিল সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে। তবে কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দাখিলকৃত দরপত্র গ্রহনযাগ্য হবে না।

০৯) ক্রয়কৃত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচ ও পৌরকর, ভূমিকর, ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

১০) নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন। দরপত্র জমা দেয়ার পর প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১১) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

**বন্ধকী সম্পত্তির তফসিল:**

(ক) জেলা- নীলফামারী, উপজেলা- নীলফামারী সদর, মৌজা- গুড়গুড়ি, জে.এল নং- ৬৪, সি.এস খতিয়ান নং- ২১৭, ৪৬৯, ৫৪৪, ৪৬৬, ১৯০, এস.এ খতিয়ান নং- ২০৭, ৫০৬, ৫৮৩, ৫০২, ১৯৫, ডি.পি খতিয়ান নং-৫৮৮, ১১০৫, খারিজ খতিয়ান নং- ২২২৮, সি.এস/এস.এ দাগ নং- ১১৮০, ১১৮১, ১১৭২, ১১৭৯, ১৯৮৪, ১৯৮৫, ১৯৮৩, মোট সম্পত্তির পরিমান- ৩১৪.০০ শতক ও তদুপরিস্থিত অবকাঠামো, মালিক-সৈয়দ রকিব হাসান মিশুক।

খ) জেলা- নীলফামারী, উপজেলা- নীলফামারী সদর, মৌজা-কুখাপাড়া, জে.এল নং- ৬১, সি.এস খতিয়ান নং- ৭৫, এস.এ খতিয়ান নং- ৮১, ডি.পি খতিয়ান নং-৭৩, খারিজ খতিয়ান নং- ২৪১৬, সি.এস/এস.এ দাগ নং- ২৯, মোট সম্পত্তির পরিমান- ১৫.০০ শতক ও তদুপরিস্থিত অবকাঠামো, মালিক-সৈয়দ রকিব হাসান মিশুক।

গ) জেলা- নীলফামারী, উপজেলা- নীলফামারী সদর, মৌজা- সুটিপাড়া ও পশ্চিম কুচিয়ামোড়, জে.এল নং- ৬৩ ও ৮৮, সি.এস খতিয়ান নং- ৪৬৮, ৬৬০ ও ১২০৭, এস.এ খতিয়ান নং- ৪৯২, ৬৭৮ ও ১২৪৮, ডি.পি খতিয়ান নং-৫৯০, ৫৮৬, খারিজ খতিয়ান নং- ৩৬০৭ ও ১৭২১, সি.এস/এস.এ দাগ নং- ৪১১১, ৪১১২ ও ১৫১৯, মোট সম্পত্তির পরিমান- (২০.০০+২১.০০+১৯.০০)=৬০.০০ শতক ও তদুপরিস্থিত অবকাঠামো, মালিক-সৈয়দ রকিব হাসান মিশুক।

ঘ) জেলা- নীলফামারী, উপজেলা- নীলফামারী সদর, মৌজা-কুখাপাড়া, জে.এল নং- ৬১, সি.এস খতিয়ান নং- ২৮১, ৫৯৮, ৫৬০, ৬৫০, ২৬৫, ৫২৮, ৫০১, এস.এ খতিয়ান নং- ২৯২, ৬০৯, ৫৭১, ৬৩৭, ৭৪৩, ৬৬৯, ৬৩৬, ৫৯৩, ৫৯২, ৪৯৪, ডি.পি খতিয়ান নং-১৬২, ৩৯৫, ৩১৮, ১২৪৮, খারিজ খতিয়ান নং- ২৪৫৩, ২৪৪৩, ২৪৫১, ২৪৪৪, সি.এস/এস.এ দাগ নং- ৩৪২, ৩৪৮, ৩১৫৮, ৩১৫৫, ৩১৫৭, ২৭৪৯, ২৭৬৫, ২৭৯৩, মোট সম্পত্তির পরিমান- ১৬০.৫০ শতক ও তদুপরিস্থিত অবকাঠামো, মালিক-সৈয়দ রকিব হাসান মিশুক।

ঙ) জেলা- নীলফামারী, উপজেলা- নীলফামারী সদর, মৌজা- গুড়গুড়ি, জে.এল নং- ৬৪, সি.এস খতিয়ান নং- ৩৮৫, ৪৩১, এস.এ খতিয়ান নং- ৩৬০, ৪৬৭, ডি.পি খতিয়ান নং-৫১৩, খারিজ খতিয়ান নং- ২২৩৩, সি.এস/এস.এ দাগ নং- ২৯০৩, ৩০২৩, মোট সম্পত্তির পরিমান-(১৪.০০+২০.০০)= ৩৪.০০ শতক ও তদুপরিস্থিত অবকাঠামো, মালিক-সৈয়দ রকিব হাসান মিশুক।

**শাখা ব্যবস্থাপক**
**সৈয়দপুর শাখা, নীলফামারী।**

প্রকাশ তারিখঃ ৩০/১০/২০২৩
কালের কন্ঠ
করতোয়া